

## ৪.৩ জাপান হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট স্কলারশীপ প্রোগ্রাম (জেডিএস)

অর্থনৈতিক সম্পর্ক বিভাগ কর্তৃক “জাপান হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট স্কলারশীপ প্রোগ্রাম (জেডিএস)” শীর্ষক প্রকল্পটি ২০০১ থেকে বাস্তবায়িত হচ্ছে। মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে প্রতিশ্রুতিশীল ও তরুন বাংলাদেশ সিভিল সার্ভিস কর্মকর্তা ও বাংলাদেশ ব্যাংকের কর্মকর্তাদের জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে ২ বছর মেয়াদী মাস্টার্স ডিগ্রী কোর্সে অধ্যয়নের সুযোগ প্রদান এবং স্ব স্ব কর্মক্ষেত্রে তাঁদের অর্জিত জ্ঞানের প্রয়োগের মাধ্যমে দেশের বিভিন্ন উন্নয়নে ভূমিকা রাখাই এ প্রকল্পের উদ্দেশ্য।

জেডিএস স্কলারশীপ প্রোগ্রামের জন্য প্রতি বছর জাপান ও বাংলাদেশের মধ্যে অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়। ২০১৩-১৪ অর্থ-বছরে ২০৬ মিলিয়ন জাপানী ইয়েন (আনুমানিক ১৬ কোটি টাকা)-এর অনুদান চুক্তি স্বাক্ষরিত হয়েছে।

এ প্রকল্পের আওতায় ইতোমধ্যে ২১১ জন কর্মকর্তা বিভিন্ন বিষয়ে জাপানের বিভিন্ন খ্যাতনামা বিশ্ববিদ্যালয় হতে মাস্টার্স ডিগ্রী কোর্স সম্পন্ন করে দেশে ফিরে এসেছেন। ১২ ও ১৩ তম ব্যাচের মোট ৩০ জন কর্মকর্তা জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে বর্তমানে অধ্যয়নরত আছেন। জেডিএস ১৪ তম ব্যাচের কর্মকর্তা নির্বাচনের কার্যক্রম চলমান রয়েছে। কর্মকর্তাদের থেকে উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে প্রার্থী বাছাই করা হয়। জাপান হিউম্যান রিসোর্স ডেভেলপমেন্ট স্কলারশীপ প্রকল্পের আওতায় বর্তমানে জাপানের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ে নিম্নোক্ত বিষয়ে মাস্টার্স ডিগ্রী কোর্সে অধ্যয়নের সুযোগ রয়েছেঃ

- Development of Capacity for Public Administrative Government
- Development of Capacity for Economics Planning and Policy
- Development of Legal Capacity and Policy
- Development of Capacity for Urban and Rural Planning and Policy
- Development of Capacity for Public Finance and Investment Management

উক্ত প্রকল্পের মেয়াদ ২০১৬ পর্যন্ত বৃদ্ধির নিমিত্তে একটি সংশোধিত টিপিপি পরিকল্পনা কমিশন কর্তৃক অনুমোদিত হয়েছে। সংশোধিত প্রকল্পে মোট প্রকল্প ব্যয় ধরা হয়েছে ২২৬০৯.৩৪ লক্ষ টাকা (তন্মধ্যে জিওবি ৩২৩.০৪ লক্ষ টাকা এবং প্রকল্প সাহায্য ২২২৮৬.৩০ লক্ষ টাকা)।

### ৪.৩.১ জাপানী সহায়তায় প্রশিক্ষণঃ

জাইকার অনুদান সহায়তায় জাপানে অনুষ্ঠেয় বিভিন্ন স্বল্পমেয়াদী প্রশিক্ষণ কোর্সে সরকারী কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। ২০১৩-১৪ অর্থবছরে জাপানে গুপ ট্রেনিং কোর্সে ৮১ জন, কান্ট্রি ফোকাসড ট্রেনিং কোর্সে ৬৮ জন, রিজিয়ন ফোকাসড ট্রেনিং কোর্সে ১৭ জন, ইস্যু ফোকাসড ট্রেনিং কোর্সে ৬ জন, ইয়ং লিডার্স ট্রেনিং কোর্সে ১৫ জন এবং ওডিএ লোন রিলেটেড ট্রেনিং কোর্সে ৪৪ জন প্রশিক্ষণার্থী অংশগ্রহণ করেছেন (মোট ২৩১ জন)।